



## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২০ অক্টোবর' ২০২৩ খ্রি.

### সাম্প্রদায়িকতা ঠেকাতে চাই সম্প্রীতির ঐক্য: মেয়র রেজাউল

সাম্প্রদায়িক শক্তিকে প্রতিহত করে সাম্যের বাংলাদেশ গড়তে সব ধর্মের মানুষদের মধ্যে সম্প্রীতির ভিত্তিতে ঐক্য চান চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শুভ্রবার কৃষ্ণ কুমারী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে চসিক পূজা উদযাপন পরিষদ আয়োজিত শারদীয় দুর্গোৎসবের উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, এদেশের মুক্তিযুদ্ধে মুসলমানের ছেলে যেমন রক্ত দিয়েছে, তেমনি রক্ত দিয়েছে হিন্দুর ছেলেরা। সব ধর্ম, বর্ণের মানুষের আত্মত্যাগে দেশ স্বাধীন হয়েছে। একারণে, সাম্প্রদায়িকতামুক্ত বাংলাদেশ গড়তে সব ধর্মের মানুষদের মধ্যে সম্প্রীতির ভিত্তিতে ঐক্য গড়তে হবে। বঙ্গবন্ধু বাংলাদেশের প্রথম সংবিধানে অসাম্প্রদায়িকতাকে রাষ্ট্রের মূলনীতি হিসেবে প্রতিষ্ঠার সুফল পাওয়া আমরা, বাংলাদেশে সব ধর্মের মানুষ তার ধর্ম পালনে পূর্ণ স্বাধীনতা ভোগ করছে।

চসিক পূজা উদযাপন পরিষদের সভাপতি ও কাউন্সিলর শৈবাল দাস সুমনের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন কাউন্সিলর হাজী নুরুল হক, জহর লাল হাজারী, পুলক খাস্তগীর, সংরক্ষিত নারী কাউন্সিলর আনজুমান আরা বেগম, রঞ্জিকি সেনগুপ্ত, চসিক পূজা উদযাপন পরিষদের সাধারণ বীপন কিশোর রায়।

পূজায় মঙ্গলপাদীপ প্রজ্ঞালন করেন চট্টগ্রাম রামকৃষ্ণ সেবাশ্রমের অধ্যক্ষ স্বামী শক্তিনাথানন্দ। পূজা উপলক্ষে ম্যাগাজিন 'প্রণাম' এর মোড়ক উন্মোচন করা হয় অনুষ্ঠানে।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮